



ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড

গোল্ড সিনিয়র/পেনশনার ওপ্যাল কার্ড

তথ্য পত্র:

আশ্রয়প্রার্থীদের জন্য ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ড

চার বছর অথবা তার বেশি বয়সের যোগ্য আশ্রয়প্রার্থীরা এখন ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ডের জন্য আবেদন করতে পারেন।

কে যোগ্য?

- আবেদনকারীরা অবশ্যই NSW এর স্থায়ী বাসিন্দা হবেন; এবং
 - NSW এর ট্রান্সপোর্ট কর্তৃক স্বীকৃত আশ্রয়প্রার্থীদের সহায়তাকারী এজেন্সিগুলির মধ্যে* কোনো একটির কাছ থেকে সাহায্য লাভ করবেন; এবং
 - আশ্রয়প্রার্থী হিসেবে ব্রিজিং ভিসার জন্য আবেদন করবেন; অথবা
 - বর্তমানে আশ্রয়প্রার্থী হিসেবে ব্রিজিং ভিসার অধিকারী হবেন; অথবা
 - আশ্রয়প্রার্থী হিসেবে অবস্থান নির্ধারণের জন্য আবেদন করে থাকবেন।

* আশ্রয়প্রার্থীদের জন্য স্বীকৃত সহায়তাকারী এজেন্সির তালিকা transportnsw.info/asylum-seekers-এ পাওয়া যাবে।

গোল্ড ওপ্যাল কার্ড দিয়ে ভ্রমণের সুবিধা কী?

- ভাড়ার সর্বাধিক মূল্য প্রতি দিন \$2.50 এর মধ্যে সীমাবদ্ধ।
- আপনি সঙ্গে রাখতে পারেন এবং পুনর্ব্যবহার করতে পারেন এমন একটি স্মার্টকার্ড টিকিটের সুবিধা।

ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এর সুবিধাগুলি কী?

- ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড থাকলে আপনি ওপ্যাল নেটওয়ার্ক এর মধ্যে গোল্ড ওপ্যাল কার্ড ব্যবহার করার যোগ্য হবেন।
- এর ফলে আপনি সুবিধাজনক হারে টিকিট কিনতে পারবেন, যার অন্তর্ভুক্ত হল \$2.50 কাঙ্ক্ষিত পেনশনার এক্সকারশন টিকিট, আঞ্চলিক এলাকায় স্থানীয় বাসে \$2.50 রিজিওনাল এক্সকারশন ডেইলি টিকিট কিংবা অর্ধেক ভাড়ার টিকিট।
- গোল্ড ওপ্যাল কার্ড সঙ্গে রেখে ভ্রমণ করলে আপনার সঙ্গে অবশ্যই ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড রাখবেন নচেৎ আপনার জরিমানা হতে পারে।

কীভাবে আবেদন করবেন

- transportnsw.info/asylum-seekers-এ তালিকাভুক্ত আশ্রয়প্রার্থীদের সহায়তাকারী এজেন্সির ('নির্ধারিত এজেন্সি') কোনো একটিতে যান এবং ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ড এর জন্য আবেদন করার লক্ষ্যে সহায়তার জন্য অনুরোধ করুন।
মন্তব্য: আপনি এই নির্ধারিত এজেন্সিগুলির মধ্যে কোনো একটির মাধ্যমেই শুধু আবেদন করতে পারেন।
- ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ড শুধু NSW এর কোনো ঠিকানাতেই পাঠানো যাবে।

আবেদন করার জন্য কি অর্থব্যয় করতে হয়?

- ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ড এর জন্য আবেদন করার সময় কোনো অর্থ দিতে হয় না, তবে আপনার ভ্রমণের ভাড়া যুক্ত করার প্রয়োজন হতে পারে।

কীভাবে টপ-আপ করবেন?

- গোল্ড ওপ্যাল কার্ডে ভ্রমণ ভাড়া যুক্ত করার জন্য নিম্নলিখিত ব্যবস্থা আছে:
 - ওপ্যাল নেটওয়ার্কের সর্বত্র নির্দিষ্ট এলাকায় ওপ্যাল টপ আপ যন্ত্র
 - ওপ্যাল খুচরা বিক্রেতা (আপনার নিকটতম খুচরা বিক্রেতার অবস্থান জানতে retailers.opal.com.au ওয়েবসাইটটি দেখুন)
 - opal.com.au
 - 13 67 25 (13 OPAL)**
- ফোন অথবা অনলাইনে মাধ্যমে টপ আপ করলে তা কার্যকরী হতে 60 মিনিট পর্যন্ত সময় লাগতে পারে।

কীভাবে ভ্রমণ করবেন

- প্রতিটি ভ্রমণের শুরুতে এবং শেষে আপনার ওপ্যাল কার্ডটি ওপ্যাল কার্ড রিডার-এ রেখে ট্যাপ অন এবং ট্যাপ অফ করুন।
- ওপ্যাল কার্ড রিডারগুলি রেল স্টেশন, বাস, অথবা ফেরিঘাট এবং লাইট রেইল স্টপে পাওয়া যায়।
- আপনি প্রতিবার ট্যাপ অন এবং ট্যাপ অফ করবেন এবং আপনার সঙ্গে ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডটি রাখবেন, নচেৎ আপনার জরিমানা হতে পারে।

আশ্রয়প্রার্থীদের গোল্ড ওপ্যাল কার্ড এর মেয়াদপূর্তি

- কার্ড দেওয়ার তারিখ থেকে 12 মাস পর্যন্ত যোগ্য আশ্রয়প্রার্থীদের জন্য গোল্ড ওপ্যাল কার্ড বৈধ থাকে।
- ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডের মেয়াদ 12 মাস।
- যদি এখনও যোগ্য থাকেন, তাহলে আশ্রয়প্রার্থীরা আরও 12 মাসের জন্য তাঁদের ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ড এর পুনর্নবীকরণ করতে পারবেন। এটা করতে হলে তাঁদের আশ্রয়প্রার্থীদের সহায়তাকারী একটি এজেন্সির (পূর্ববর্তী পৃষ্ঠায় দেখুন) কাছে যেতে হবে।

যদি আপনার ওপ্যাল কার্ড হারিয়ে যায় অথবা চুরি হয়

- যদি আপনি আপনার গোল্ড ওপ্যাল কার্ড নিবন্ধীকৃত করেন, তাহলে কার্ডটি হারিয়ে গেলে অথবা চুরি গেলেও আপনার ব্যাল্যান্স সুরক্ষিত থাকবে।
- যদি আপনার নিবন্ধীকৃত কার্ডটি হারিয়ে যায় অথবা চুরি হয়, তাহলে **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করুন। আপনার কল এর সময় থেকে আপনার ব্যাল্যান্স সুরক্ষিত থাকবে এবং তা একটি নতুন কার্ডে স্থানান্তরও করা যেতে পারে।
- একটি বাড়তি গোল্ড ওপ্যাল কার্ড পেতে (ফি লাগতে পারে) আপনাকে **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করতে হবে।

যদি আপনার ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডটি হারিয়ে যায় অথবা চুরি হয়

- যদি আপনার ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডটি হারিয়ে যায় অথবা চুরি হয়, তাহলে একটি বাড়তি কার্ডের জন্য (ফি লাগতে পারে) transportsw.info/asylum-seekers-এ যান অথবা **131 500** নম্বরে টেলিফোন করুন।

আপনার গোল্ড ওপ্যাল কার্ড কেন নিবন্ধীকৃত করবেন?

- আপনার কার্ডের মেয়াদ শেষ হয়ে এলে আমরা আপনাকে স্মরণ করিয়ে দিতে পারি।
- যদি হারিয়ে যায় অথবা চুরি হয়, তাহলে আপনার কার্ডের ব্যাল্যান্স সুরক্ষিত থাকবে।
- যদি অব্যবহৃত ব্যাল্যান্স থাকে তাহলে কার্ডের মেয়াদপূর্তির সময় আপনি তা পাবেন।
- আপনার কার্ডের নিবন্ধীকরণের জন্য **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করুন অথবা opal.com.au ওয়েবসাইটটি দেখুন।

আরও তথ্য চান?

- যোগ্য আশ্রয়প্রার্থীদের জন্য ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড সম্পর্কে আরও তথ্যের জন্য transportsw.info/asylum-seekers ওয়েবসাইটটি দেখুন অথবা **131 500** নম্বরে টেলিফোন করুন।
- যোগ্য আশ্রয়প্রার্থীদের জন্য গোল্ড ওপ্যাল কার্ড সম্পর্কে আরও তথ্যের জন্য opal.com.au ওয়েবসাইটটি দেখুন অথবা **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করুন।